

বোধপরীক্ষণ

নীচের অনুচ্ছেদটি পড়ে নিয়ে প্রশ্নগুলির উত্তর লেখো :-

“আফ্রিকার ঘন জঙ্গলে গন্ডার থাকে। অসভ্য জাতিরা গন্ডার শিকার করে তার চামড়া ও মাংসের লোভে। গন্ডারের খড়গ তাদের কাছে খুব আদরের জিনিস। এই খড়গ দিয়ে তারা তলোয়ারের বাঁট তৈরী করে। সে বাঁট দেখতে যেমন সুন্দর শক্তও তেমনি। কিন্তু, খড়গ ও চামড়ার চেয়ে গন্ডারের মাংসের প্রতিই অসভ্যদের বেশি লোভ।

- ক) আফ্রিকার অসভ্য জাতিরা কীসের লোভে গন্ডার শিকার করে ?
- খ) গন্ডারের খড়গ দিয়ে তারা কী করে ?
- গ) কীসের প্রতি তাদের বেশি লোভ ?
- ঘ) অসভ্য জাতিদের কাছে সবচেয়ে আদরের জিনিস কোনটি ?
- ঙ) বাক্য গঠন করো :- সুন্দর

কেস স্টাডি

নীচের অনুচ্ছেদটি পড়ে নিয়ে প্রশ্নগুলির সঠিক উত্তরটি চিহ্নিত করো :-

মা বললেন, ‘ঠাকুর ঘরে অত জায়গা কোথায় ? বাড়ির সামনে যে উঠোনটি রয়েছে --- ওইখানেই কর না। আমি সাজিয়ে দেব এখন।’ সামনে রাস্তা, তার পরই খানিকটা উঠোনের মতো জায়গা, তার পরই খোকনদের বাড়ি। সেই উঠোনেই খোকন চারখানা ইট দিয়ে ছোট্ট বেদি করল একটা। সেই বেদির উপর বিছাল একটা আসন। সেই আসনের উপর বসানো হল দেশমাতাকে। তার বন্ধুরা চারটে কঞ্চি কেটে এনে বেদির চারপাশে পুঁতে দিয়ে তার উপর টাঙিয়ে দিল একটা রঙিন কাপড়।

- ১) ঠাকুর ঘর বলতে বোঝায় -- পড়াশোনার ঘর/ দেবদেবীর পূজার ঘর/ খাওয়ার ঘর/ স্নানের ঘর
- ২) ইট তৈরী করা হয় -- মাটি/ পাথর/ লোহা/ টিন দিয়ে।
- ৩) কঞ্চি হল -- লাঠি/ মোটা বাঁশ/ সরু বাঁশ/ লগা
- ৪) রাস্তায় চলে -- মোটর গাড়ি/ নৌকা/ উড়োজাহাজ/ স্টিমার
- ৫) উঠোন হল -- বাড়ির সামনে ফাঁকা জায়গা/ মাঠ/ রাস্তা/ নদীর ফাঁকা জায়গা

